# ৫ম উপজেলা পরিষদের অক্টোবর-২০২৪ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জয়নাল আবেদীন
প্রশাসক, উপজেলা পরিষদ
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ১৭ অক্টোবর ২০২৪

সময় : বেলা ১২:০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি পরিষদের সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার কাজ পরিচালনা করেন।

০২। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অতএব আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আমন আবাদ ১৭০৯৫ হে: চূড়ান্ত অর্জিত করা হয়েছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও বলেন, বন্যা পরবর্তী ৩০ হে: আমন আবাদ কম হয়েছে। এছাড়া ১৫০০ জন কৃষককে সবজি বীজসহ প্রণোদনা দেওয়া হয়েছে। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত ও সঠিক ক্ষতিগ্রস্থ কৃষকরা যাতে প্রণোদনা পায় উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ জানান, উপজেলা এডিপি'র ২০২৪-২৫ অর্থবছরের ১ম কিস্তির ২৯.৮৮ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। মাধবপুর ইউপি হতে উক্ত প্রকল্পের প্রস্তাব পাওয়া গিয়াছে। পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স:প্রা:বি: অতি: শ্রেনীকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ১৯টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ৪টির কাজ চলমান । গড় অগ্রগতি ৮৭%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ৩০টি ১০০% সমাপ্ত। গড় অগ্রগতি ৯২.৬৫%। উক্ত প্রকল্প হতে ২টি পর্যায়ে ৫টি বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কাজ অনুমোদন হয় এবং কাজ ১০০% সমাপ্ত হয়। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেনীকক্ষ নির্মান কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজ ১০০% সমাপ্ত। আর্থিক অগ্রগতি ১০০%। আরও ৫টি জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজের দরপত্র Evaluation কাজ চলমান আছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স:প্রা:বি অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান। ইসলামপুর ও রামপুর স:প্রা:বি: অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান । ৩টিতে গড় অগ্রগতি ৫০%। ২নং ভানুবিল সপ্রাবি বাউন্ডারী ওয়াল নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। কাজের গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। আইআরআইডিপি-৩ এর আওতায় ৮টি রাস্তা উন্নয়ন কাজ সমাপ্ত, ৩টি রাস্তার কাজ চলমান। ৮টির অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। চলমান ৩টি কাজের গড় অগ্রগতি ৭৫%। আর্থিক অগ্রগতি ৬০%। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মান কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ | ক) বিভাগীয় কার্যক্রম চলমান রাখা ও বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো বরাদ্দ অনুযায়ী সংস্কার কাজ ত্বরান্বিত করতে উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে ৩৩টি সমাপ্ত, ১টি ব্রীজ নির্মান সহ ১টি রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.০৫%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্ষলন অগ্রগামী করা হয়েছে। আর্থিক অগ্রগতি ৮০%। ২০২১-২২ অর্থবৎসরে জিওবি অর্থায়নে গ্রামীন "সড়ক, সেতু ও কালভার্ট মেরামত/সংরক্ষন কর্মসূচী" এর আওতায় ১১টি প্রকল্পের কাজ ১০০% ও ২০২২-২৩ অর্থবৎসরে ৯টি প্রকল্পের কাজ ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। ২০২৩-২৪ অর্থবৎসরে ১টি রাস্তার মেরামত কাজ চলমান। অগ্রগতি ৭৫%। ২০২৪-২৫ অর্থ বছরে উক্ত প্রকল্পের আওতায় ১২ টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন হয়েছে। সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন (RARIP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে ৬টি উন্নয়ন কাজের মধ্যে ৪টি রাস্তা ১০০% সমাপ্ত, ১টি রাস্তা উন্নয়ন কাজ বাতিল হয়েছে এবং ১টি ব্রীজ নির্মান কাজ সমাপ্ত হয়েছে। "সারাদেশে পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প (IPCP)" এর আওতায় সর্বমোট ০৬টি পুকুর ঘাটলা নির্মান কাজ সমাপ্ত। তাছাড়া নতুন ৬টি পুকুর উন্নয়ন ও ১টি খাল খনন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। Program for Supporting Rural Bridge(SuRBP) এর আওতায় ৫টি ব্রীজের ক্ষুদ্র মেরামত কাজের অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের আওতায় ১০টি ব্রীজের বৃহৎ মেরামতের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ২টি গার্ডার ব্রীজ নির্মান ও ১টি আরসিসি বক্স কালভার্ট নির্মান কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৬০%। Const. of Rural Market infrastructure Devolopement Project (CRMIDP) এর আওতায় টিলাবাজার মার্কেট ভবন নির্মান কাজের অগ্রগতি ১০০%। "ঘূর্নিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত। ১টি ব্রীজ নির্মান কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্ষলন প্রেরণ করা হয়েছে। গ্রাম সড়ক পুনর্বাসন (VRRP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত ১১টি রাস্তা পুনর্বাসন কাজ ১০০% সমাপ্ত। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের আওতায় ৫০টি নতুন প্রকল্প প্রস্তাব ডিপিপিভুক্ত হয়েছে। তন্মধ্যে ০৮টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। ২টির কাজ অসমাপ্ত। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টির স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। হাওর অঞ্চলে ডুবো সড়ক নির্মান প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরী সহায়তা প্রকল্প" এর আওতায় হাওর অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্বপূর্ন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প: মৌলভীবাজার জেলা' শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মান ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ ১০০মিঃ দীর্ঘ ব্রীজ নির্মান শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রনয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেট অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তা সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। 2022-23 FY Component-Wise Flood Damage Assessment of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। ২টি | | |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজ কাজ চলমান। গড় অগ্রগতি ৩০%। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের সয়েল টেষ্ট সম্পন্ন হয়েছে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মান কাজ চলমান আছে। উপজেলা প্রশাসনিক ভবনের ৪ তলার উপরে ৫ তলায় ডি-সেট সেন্টার নির্মান কাজ শুরু হয়েছে। কাজের অগ্রগতি ৩০%। তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপির প্রকল্প তালিকা সকল ইউনিয়ন চেয়ারম্যানরা দাখিলের অনুরোধ করেন। এছাড়া বন্যায় আদমপুর ইউনিয়নসহ ক্ষতিগ্রস্থ অন্যান্য ইউনিয়নের রাস্তাগুলো মেরামতের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে। বরাদ্দ আসলে রাস্তা মেরামত করা হবে মর্মে সভায় জানান। তিনি আরও বলেন, কমলগঞ্জ উপজেলায় বন্যা পরবর্তী ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো চিহ্নিত করে প্রাক্কলন অনুযায়ী অনুমোদন পাওয়া গেছে। সে মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এছাড়া বন্যায় যে সকল অবকাঠামো ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলো মেরামতের প্রাক্কলনের অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে।<br>খ) চেয়ারম্যান, আলীনগর ইউপি জানান, আলীনগর চা ফ্যাক্টরির পার্শ্ব রাস্তা টেন্ডার হয়ে গেছে। তিলকপুর-ভায়া মঙ্গলপুর রাস্তা ইট সলিংয়ের অনুমোদন পাওয়া গেছে। শীঘ্রই কাজ শুরু করার বিষয়ে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দ আসে নি। বিগত বন্যায় আমাদের দপ্তর কর্তৃক নির্মিত জনগুরুত্বপূর্ণ রাস্তাগুলোর তালিকা সকল ইউনিয়ন চেয়ারম্যানদের থেকে নেওয়া হবে এবং সংস্কার করা হবে। অত্র দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি বরাদ্দ অনুযায়ী জনগুরুত্বপূর্ণ উন্নয়ন কার্যক্রম গ্রহণ, সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর আওতায় কার্যক্রম নিয়মিত তদারকি, আকস্মিক দূর্যোগে সহায়তা অব্যাহত রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্হ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সেপ্টেম্বর/২০২৪খ্রিঃ মাসের পারফর্মেন্স:<br>ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------ ৬৯ জন।<br>খ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা---------- ১১১৭ জন।<br>গ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--- ৫০৮ জন।<br>ঘ) ই.পি.আই কভারেজ সেপ্টেম্বর/২৪ খ্রিঃ মাসে ৮%।<br>চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারী অনুষ্ঠানে মেডিকেল টিম কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, ২৪/১০/২০২৪ খ্রি: তারিখ হইতে পঞ্চম থেকে নবম শ্রেণী পর্যন্ত প্রতিটি স্কুলে ১০ থেকে ১৪ বছর বয়সী মেয়েদের জরায়ু মুখ ক্যান্সার এর এইচপিভি টীকা ক্যাম্পেইন শুরু হবে। মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে। তিনি আরও বলেন, রোগীরা হাসপাতালে বেশি আসায় আসন সংকট তৈরি হচ্ছে। এছাড়া ডেঙ্গুর বিষয়ে সচেতন থাকা ও এডিস মশার বংশ বিস্তার রোধে বাড়িঘর, ঝোপঝাঁড়, কোন জায়গায় জমানো পানি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে মর্মে সভায় জানান। হাসপাতালে নিয়মিত ডেঙ্গু পরীক্ষা চলমান রয়েছে। এছাড়া জরায়ু ক্যান্সার রোধে সচেতন ও সংশ্লিষ্ট বয়সের ছাত্রীদের আবেদনের জন্য উৎসাহিত করতে সাংবাদিক ও তথ্য সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা, রোগিদের যাতে ভোগান্তি না হয় সে জন্য হাসপাতালে সার্বক্ষনিক ডাক্তার উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, সেপ্টেম্বর/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৩ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ০৮ জন, ইমপ্লান্ট= ৭৫ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ১২৪ জন, ইনজেকটেবলস= ১৪৮ জন, কনডম= ৫৮ জন, সাধারন রোগি = ২০১৪ জন। সিএআর- ৭১%। তিনি আরও বলেন, রহিমপুর ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে জরুরি মেরামতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা প্রয়োজন। রহিমপুর ও আলীনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে ভূমি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি এবং সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, আলীনগর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং শমশেরণগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে আইপিএস সরবরাহ করা প্রয়োজন মর্মে সভায় জানান। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রকে রোগীদের সেবার উপযোগী করতে এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) সেপ্টেম্বর-২০২৪ মাস পর্যন্ত মোট= ২,৮৬,১০,০০০/= ( দুই কোটি ছিয়াশি লক্ষ দশ হাজার ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে । এ মাসে আদায়যোগ্য ১,০৬,৬০০/-টাকা ও আদায়কৃত ১,০৬,৬০০/-টাকা, চলমান আদায়ের হার ১০০%। কিস্তি খেলাপী আদায় ৮৪০০/- টাকা। ঋণ খেলাপী আদায় ২৪০০/- টাকা । ক্রমপুঞ্জিত আদায়কৃত ২,৪১,৪৭,৩২৭/-টাকা । আদায়ের হার ৯১.৪৬%। চলতি অর্থ বছরে, হাঁসমুরগী পালন ,গরু মোটাতাজা করণ বিষয়ে ১২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । | ঋণ কার্যক্রম ও যুব প্রশিক্ষণ গ্রহণ করে যুবক/যুবতিরা স্বাবলম্বি হচ্ছে কিনা এবং বাস্তবে প্রশিক্ষণ কাজে লাগাচ্ছে কিনা সে বিষয়ে তদারকি নিশ্চিত করে সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, সেপ্টেম্বর/২৪ খ্রিঃ মাসে ও.এম.এসঃ কমলগঞ্জ পৌরসভায় ০৩ টি দোকানে নিম্ন আয়ের মানুষের মাঝে ৫ কেজি চাল (প্রতি কেজি ৩০/- টাকা দরে) এবং ৫ কেজি আটা (প্রতি কেজি ২৪/- টাকা দরে) বিক্রয় কার্যক্রম চলমান। খাদ্য বান্ধব কর্মসূচি : খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ০৯টি ইউনিয়নে সেপ্টেম্বর/২০২৪ খ্রিঃ মাসে ৫৩৩৩ টি কার্ডের মাধ্যমে ১৫৯.৯৯০ মে: টন চাল বিতরণ করা হয়েছে এবং চলমান রয়েছে। | ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ। |
| ৩.০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, বিদ্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত্র উপজেলার বিদ্যালয়সমূহে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিভিন্ন শিক্ষা উপকরণ বিতরণ করায় উপজেলা নির্বাহী কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া নির্দেশনা মোতাবেক ৫ম শ্রেণির ছাত্রীদের জরায়ু ক্যান্সার প্রতিরোধে ঠিকা গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে জানানো হয়েছে এবং উৎসাহ প্রদান করা হচ্ছে। ঠিকা কার্যক্রম চলমান রয়েছে। | শ্রেণী কার্যক্রম যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে চালানো হয় সে বিষয়ে তদারকি নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ। |
| ৩.০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ উপজেলার ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মাধ্যমিক/দাখিল স্তরের শ্রেণি কার্যক্রম যথারীতি চলমান আছে। উপজেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হয়েছে। এছাড়া সেপ্টেম্বর-২৪ মাসে বিশেষ কোন কার্যক্রম নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও শিক্ষকদের যথোপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা ও ক্ষুদ্র নৃ-গোষ্টি শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রম সঠিকভাবে তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১০ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, পুলকী নদীতে ০২(দুই) টি কাটিবাঁধ অপসারণ এবং বিনষ্ট করা হয়েছে। ২০ জন মৎস্য চাষীকে মাছ চাষের পরামর্শ প্রদান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন,
<table>
<tr><th>ক্র:নং</th><th>কার্যক্রম</th><th>সেপ্টেম্বর/২৪ মাসে</th><th>শুরু থেকে এ পর্যন্ত</th></tr>
<tr><td>১</td><td>সদস্য ভর্তি</td><td>০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>দল/সমিতি গঠন</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>প্রদর্শণী প্লট স্থাপন</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় আমানত সংগ্রহ</td><td>৭৫০০০/-</td><td>৩৬,৩৬০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শেয়ার আমানত সংগ্রহ</td><td>২০০০/-</td><td>৭,৭৫,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>ঋণ বিতরণ</td><td>১৩,০৫,০০০/-</td><td>৬,৬৬,১৬,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>ঋণ আদায়</td><td>২,২১,০০০/-</td><td>৫,৫৮,৭৮,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ</td><td>১০,৬০,০০০/-</td><td>৮৯,৭০,০০০/-</td></tr>
</table></td><td>বিভাগীয় ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১২</td><td>সমবায় বিভাগ</td><td>অডিট যোগ্য সমিতি সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>অডিট যোগ্য সমিতি</th><th>সেপ্টেম্বর/ ২০২৪খ্রি. পর্যন্ত অডিট</th><th>অডিট যোগ্য সমিতি (কেন্দ্রীয়)</th><th>সেপ্টেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত অডিট</th><th>সেপ্টেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত সর্বমোট অডিট</th></tr>
<tr><td>১১০টি</td><td>৩৫টি</td><td>০২টি</td><td>০০টি</td><td>৩৫টি</td></tr>
</table>
অডিট সেস (সরকারী রাজস্ব) আদায় সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>সেপ্টেম্বর/২০২৪ খ্রি. পর্যন্ত ধার্যকৃত</th><th>সরকারী কোষাগারে জমা</th><th>ধার্যকৃত অডিট সেস</th><th>সরকারী কোষাগারে জমা</th></tr>
<tr><td>৬০০৭০/-</td><td>৬০০৭০/-</td><td>------</td><td>৬০০৭০/-</td></tr>
</table>
১। সাধারণ :<br>
(ক) সমিতির সংখ্যা ঃ ২৬৪ টি। (কার্যকর ১৩০টি, অকার্যকর ১৩৪টি)<br>
(খ) সদস্য সংখ্যা ঃ ১৩,০১৭জন।<br>
(গ) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ১৬.৯৪ লক্ষ।<br>
(ঘ) আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ৪৫.৭৮ লক্ষ।<br>
২। আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প<br>
দিশারী আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমবায় সমিতির ২৫ জন পূরুষ ও ০৫ জন মহিলা সদস্য কে বিগত ৩১/০৮/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা আদায়ের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দিশারী আশ্রয়ণ প্রকল্পে ২য় দফায় নিবন্ধিত সমবায় সমিতির ২০ জন পূরুষ ও ১০ জন মহিলা সদস্য কে বিগত ১৫/১২/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা এক বছর পর এককালীন আদায়যোগ্য। আশ্রয়ন প্রকল্পে সর্বমোট ঋণ বিতরন করা হয় ৯,০০,০০০/-টাকা<br>
অদ্য সেপ্টেম্বর/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত আসল আদায় ৫,৪৫,০৮৪/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৩৬০৭/- টাকা সর্বমোট ৫,৮৮,৬৯১/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের পরিমান ৬১%। আশ্রয়ন প্রকল্পে ২০ জন সদস্য তাদের ঋণের টাকা (১০০%) পরিশোধ করেছেন। অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে। আশ্রয়ণ প্রকল্প ৪র্থ গুচ্ছ গ্রাম ভিত্তিক নতুন সমিতি নিবন্ধন প্রক্রিয়া চলমান।</td><td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td>৩.১৩</td><td><u>বন বিভাগ</u></td><td>সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, সেপ্টেম্বর-২০২৪ মাসে যৌথ অভিযানের সংখ্যা-০১ টি। মামলা দায়ের-০১ টি। মামলায় জাই বাঁশ ৪০০ টি আটক করা হয়। যার আনুমানিক বাজারমূল্য ৮০০০/- (আট হাজার) টাকা। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। টহল জোরদার করা হয়েছে।</td><td>ক) অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ<br>খ) চেয়ারম্যন, সকল ইউপি।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.১৪</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম নিম্নরূপভাবে সভায় তুলে ধরেন:
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>অক্টোবর/২০২৪ খ্রিঃ মাসের কার্যক্রম</th><th>জুলাই/২০২৪ খ্রিঃ হতে ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>টিকা প্রদান (গবাদি পশু)</td><td>৫৫৩৮০</td><td>৫৯৬৭২</td></tr>
<tr><td>টিকা প্রদান (হাঁস-মুরগী)</td><td>২০৯০০</td><td>৭০০০০</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (গবাদি পশু)</td><td>১৪২৭</td><td>৭৪৬২</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (হাঁস-মুরগী)</td><td>৫৯৩৬</td><td>৪১০৬৪</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন</td><td>২৪৭</td><td>৯৫০</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদনের সংখ্যা</td><td>৮৭</td><td>৩৫৮</td></tr>
<tr><td>উঠান বৈঠক</td><td>৬</td><td>২৭</td></tr>
<tr><td>উঠান বৈঠক অংশ গ্রহনকারীর সংখ্যা</td><td>৮৪</td><td>৩৫৪</td></tr>
<tr><td>প্রশিক্ষণ(মাংস প্রক্রিয়া জাতকারী)</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>প্রশিক্ষণ (সিআইজি খামারী)</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)</td><td>২.৭৫</td><td>৯.৫</td></tr>
<tr><td>খামার /ফিডমিল/হ্যাচারী পরিদর্শণ(সংখ্যা)</td><td>১০</td><td>৩৯</td></tr>
<tr><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>২০৭৪.৬৪</td><td>৭৪৪০.১৫</td></tr>
<tr><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>২১.৫৭</td><td>১১৭.২</td></tr>
<tr><td>মাংস উৎপাদন (মেট্রিক টন)</td><td>৮০৩.৭</td><td>৪৬০৪.৯৮</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১৫</td><td>সমাজসেবা বিভাগ</td><td>সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আর.এস.এস সুদমুক্ত ঋণ বিনিয়োগ আদায়= ৩৫,৯০০/-টাকা, পুন: বিনিয়োগ= ২,৭৪,০৫০/-টাকা, সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ-৩৫টি। প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন ১৫ অক্টোবর ২০২৪ খ্রি: হতে ১৪ নভেম্বর ২০২৪ খ্রি: পর্যন্ত করা যাবে। তিনি আরও বলেন পে-রোলের ভাতার প্রতিস্থাপন তালিকা যাচাই-বাছাই করে ১০ অক্টোবর থেকে ২০ অক্টোবরের মধ্যে অত্র অফিসে তালিকা প্রদান করতে সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করেন। এছাড়া সুবর্ন কার্ডের আবেদন চলমান রয়েছে।</td><td>আলোচ্য বিষয়ে সঠিক উপকারভোগীদের সেবা নিশ্চিতে তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ</td></tr>
<tr><td>৩.১৬</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ জানান যে, বরাদ্দ না থাকায় ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম এর ২০২৩-২৪ চক্রের অক্টেবর/২৪ মাসের চালের ডিও জারী করা সম্ভব হয় নি। উপকারভোগীদের স্ব স্ব হিসাবে সঞ্চয়ের টাকা জমা করত: জমা রশিদ প্রদর্শনপূর্বক সেপ্টেম্বর/২৪ মাসের চাল বিতরণ করা হচ্ছে। অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ এনজিও "ফেইথ ইন এ্যাকশন" কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। অধিদপ্তরের নির্দেশনা না থাকায় মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের জুলাই/২৪ খ্রি: হতে অক্টোবর/২৪ খ্রি: মাস পর্যন্ত সময়ের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শুরু করা হবে। অন্যান্য নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।</td><td>আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সুষ্ঠু তদারকি নিশ্চিত করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১৭</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় কমলগঞ্জ পৌরসভায় আরসিসি ড্রেনেজ নির্মাণ, ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের মাধ্যমে হাউজহোল্ড কানেকশন এবং ইম্প্রুভ হাউজহোল্ড টয়লেট নির্মাণের কাজ চলমান রয়েছে। হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন এবং হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ১৯০ টি পানির উৎস স্থাপনের কাজের মধ্যে ১৮৮ টি বোরিং এর কাজ সমাপ্ত এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ২৪ টি পানির উৎসের বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। বিভিন্ন ইউনিয়নে ইম্প্রুভ ল্যাট্রিন স্থাপনের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় কমলগঞ্জ উপজেলার ১৩ টি ওয়াশব্লক যথাক্রমে জগন্নাথপুর সপ্রাবি,</td><td>আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>হোমেরজান সপ্রাবি, কুরমাঘাট সপ্রাবি, ভানুবিল-২ সপ্রাবি, হকতিয়ারখোলা সপ্রাবি, জিকে সপ্রাবি, গংগানগর সপ্রাবি, মূর্তিঙ্গা চা বাগান সপ্রাবি, রুপসপুর সপ্রাবি, রাজদিঘীর পাড় সপ্রাবি, বৃন্দাবনপুর সপ্রাবি, ছয়ছিড়ি বিষ্ণুপুর সপ্রাবি এবং মহেন্দ্র কুমার সপ্রাবি এর ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। জিপিএস প্রকল্পভূক্ত প্রাথমিক বিদ্যালয় সমূহে ওয়াশ বেসিন সম্বলিত পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১৮</td><td>পল্লী বিদ্যুৎ বিভাগ</td><td>ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, সেপ্টেম্বর/২০২৪ খ্রি: মাসের নতুন সংযোগ- ২৬৩ টি, পুন: সুযোগ- ২৪২ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ৫৬৮ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কি:মি:)- ২৮৭ কি: মি:। সেপ্টেম্বর/২০২৪ খ্রি: মাসে ১২ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ০৫ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধেও সকলের সহযোগিতা কামনা করেন। জ্বালানী সংকট ও মূল্য অস্বাভাবিক বৃদ্ধির কারণে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি রেশনিং পদ্ধতিতে চালানো হচ্ছে বিধায় লোডশেডিং ০২ ঘন্টা পর পর ০১ ঘন্টা করে হবে। লোড প্রাপ্তি সাপেক্ষে লোডশেডিং এর পরিমাণ কম- বেশী হতে পারে। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করেতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারাবদ্ধ। এ বিষয়ে সরকার প্রধান ও মন্ত্রী মহোদয় বিবৃতি প্রদান করেছেন। বিদ্যুৎ পরিস্থিতির এ চরম সংকটে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাট/সামাজিক অনুষ্ঠান সম্পন্নকরণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করেন।</td><td>আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে ও বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে গ্রাহকদের সচেতনতার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ</td></tr>
<tr><td>৩.১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। <u>পল্লী সঞ্চয় ব্যাংক:</u><br><u>সেপ্টেম্বর-২৪ মাসের কার্যক্রম:</u><br>সমিতি গঠন-২২৭ টি, সদস্য অন্তভূক্তি- ৯৪৫৬ জন, সম্পদের মূল্য আদায় -৪.৩২, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত-৩৯২.০৬, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ৫৯৩.০৯, সঞ্চয় প্রণোদনা প্রাপ্তি- ২৩৪.৯০, ঋণ বিতরণ চলতি বছরে- ১৬১.৫০, ঋণ আদায় চলতি বছরে ১৫০.৬৬।</td><td>শাখা ব্যবস্থাপক উপস্থাপন ও বিধি মোতাবেক ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় জমা নিশ্চিত করবেন।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>১ টি</td><td>০১টি</td><td>৩৫ টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>৩০ জন</td><td>৩৫ জন</td><td>৬১৭ জন</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>০.৫৯</td><td>৩.৪১</td><td>৩৫.৬০</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>০.০০</td><td>২৫.৯০</td><td>১৫৫.০৫</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>০.০০</td><td>৩৪.৭৫</td><td>১৯২.৫০</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>২.৬০</td><td>১৭.১৭</td><td>১০৮.৩৪</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>৬.৪৬</td><td>২৯.৪৩</td><td>১০৬.৯২</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>০.০০</td><td>০০ জন</td><td>৫৬০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>০২</td><td>০২</td><td>০২</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠ তদারকির মাধ্যমে চলমান রাখতে উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, সদর দপ্তর কর্তৃক প্রেরিত সময়সূচি অনুযায়ী বিভিন্ন রকমের পাকা তাল, ভাদই শনপাট,অন্যান্য ভাদই দানা, ঢেড়শ, তুঁত, পানি ফল ফসলের আনুমানিক হিসাব,মাসিক কৃষি মজুরি, দাগগুচ্ছ ৪র্থ পর্ব, পাট ফসলের আনুমানিক হিসাব তথ্য প্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/<br>শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.২২</td><td>তথ্য কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, সেপ্টেম্বর/ ২০২৪ মাসে তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ৫১ জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৮০০ জন, উঠান বৈঠকের সংখ্যা ০ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০২ জন, ভিডিও প্রদর্শন- ০টি। তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে তথ্যকেন্দ্র ভিত্তিক সেবা ও সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণের জন্য অণুপ্রাণিত করা হচ্ছে এবং বিনামূল্যে রেজিস্ট্রেশন করে দেয়া হচ্ছে।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৩</td><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি</td><td>সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। চলতি বছরে ১ম কিস্তিতে ২৯,৮৮,০০০/- (উনত্রিশলক্ষ আটাশি হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>১ম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কমলগঞ্জ</td></tr>
<tr><td>৩.২৪</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা করা হয়:
<table>
<tr><th>বিষয়</th><th>ব্যয়ের পরিমাণ</th><th>ব্যয়ের খাত</th></tr>
<tr><td>ক্ষুদ্র মেরামত</td><td>৩৯,৫০০/-</td><td>উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ</td></tr>
<tr><td>বিশেষভাবে মোতায়েনকৃত আনসারদের ভাতা</td><td>৮,৭৫০/-</td><td>নিরাপত্তা খাত (আনসার)</td></tr>
</table></td><td>আলোচনান্তে উক্ত প্রাক্কলন ব্যয় যথাযথভাবে ব্যবহার ও উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৫</td><td>বিবিধ</td><td><u>গ্রাম আদালত</u><br>সভায় গ্রাম আদালত কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জানান, দেশের বর্তমান প্রেক্ষাপটে নাগরিকের বিভিন্ন অভিযোগ দাখিলের পরিধি বৃদ্ধি পেয়েছে। ইউনিয়ন চেয়ারম্যানগণ গ্রাম আদালতের মাধ্যমে বিভিন্ন সমস্যা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা অব্যাহত রাখার জন্য ইউনিয়ন চেয়ারম্যানগনকে অনুরোধ জানানো হয়। উপস্থিত চেয়ারম্যান, ইসলামপুর ইউপির প্রতিনিধি জানান তার ইউনিয়নে গ্রাম আদালত কার্যক্রম অব্যাহত রয়েছে।</td><td>গ্রাম আদালত কার্যক্রম আরও গতিশীল করার জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।</td><td>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
</table>

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১/১০/২০২৪

(জয়নাল আবেদীন)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২২-১১২৭

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১ / ৩১ অক্টোবর ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৫. প্রশাসক, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৬. প্রশাসক, কমলগঞ্জ পৌরসভা, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৭. উপজেলা.......................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার ।
৮. চেয়ারম্যান,------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার ।
৯. জনাব/বেগম---------------------------------------

৩১/১০/২০২৪

(জয়নাল আবেদীন)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ সভায় উপস্থিতি: (৫৫)

মাসের নাম:- অক্টোবর-২০২৪ Date: ২৭/১০/২০২৪

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব জয়নাল আবেদীন, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কমলগঞ্জ | |
| ০২. | জনাব মো: ইফতেখার আহমেদ, চেয়ারম্যান, ০১ নং, রহিমপুর ইউনিয়ন | [illegible] |
| ০৩. | জনাব আলী আহমদ খান, চেয়ারম্যান, ০২ নং পতনঊষার ইউনিয়ন | [illegible] |
| ০৪. | জনাব নাহিদ আহমেদ তরফদার, চেয়ারম্যান, ০৩ নং, মুন্সিবাজার ইউনিয়ন | |
| ০৫. | জনাব মো: জুয়েল আহমদ, চেয়ারম্যান, ০৪ নং শমশেরনগর ইউনিয়ন | |
| ০৬. | জনাব মো: আব্দুল হান্নান, চেয়ারম্যান, ০৫ নং, কমলগঞ্জ সদর ইউনিয়ন | [illegible] |
| ০৭. | জনাব মো: নিয়াজ মোর্শেদ রাজু, চেয়ারম্যান, ০৬ নং, আলীনগর ইউনিয়ন | [illegible] |
| ০৮. | জনাব মো: আব্দাল হোসেন, চেয়ারম্যান, ০৭ নং আদমপুর ইউনিয়ন | |
| ০৯. | জনাব মো: আছিদ আলী, চেয়ারম্যান, ০৮ নং, মাধবপুর ইউনিয়ন | [illegible] |
| ১০. | জনাব মো: মুসলিম মিয়া, চেয়ারম্যান, ০৯ নং, ইসলামপুর ইউনিয়ন | |

Date :

## বিভাগীয় কর্মকর্তাদের নাম ও পদবী

| | |
|---|---|
| ১১. | মোঃ সাইদুল আলম, উপজেলা প্রকৌশলী |
| ১২. | স্বাধীন পাল, পি.আই.ও |
| ১৩. | আতিকুর রহমান, প্রকল্প কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) গ্রাম সংরক্ষণ |
| ১৪. | ডা: মাহবুবুল আলম হৃদ, UH&FPO |
| ১৫. | শামসুন নাহার, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৬ | মোছা: রোমানে আরা তালুকদার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৭ | শামসুন নাহার পারভীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | ইউসুফ মিয়া, উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৯ | মো: সাইফুল ইসলাম তালুকদার; উপজেলা শিক্ষা অফিসার |
| ২০ | স্বর্ণালী মিনহাজ, তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র |
| ২১ | সুমন আহমেদ, উপ-সহকারী প্রকৌশলী, ডিপিএইচই |
| ২২ | মো: রবিবুল হক, উপজেলা আইসিটি অফিসার |
| ২৩ | জয়ন্ত কুমার রায়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪ | ইমরান আলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভা:) |
| ২৫ | বিন্দু হোসেন ডেঃ উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা, |